

কৃষ্ণনগর হাই স্কুল  
কৃষ্ণনগর, নদিয়া

পঞ্চম শ্রেণিতে ভর্তি-সংক্রান্ত বিজ্ঞপ্তি

৮ নভেম্বর, ২০২১

- ২০২২ শিক্ষাবর্ষে এই বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন কেবল অনলাইনেই করা যাবে। [www.krishnagarhighschool.in](http://www.krishnagarhighschool.in) হল আমাদের ওয়েবসাইট।
- অনলাইনে আবেদন করার তারিখ : ০৩ ডিসেম্বর, ২০২১, বেলা ১১-০০ টা থেকে ০৬ ডিসেম্বর, ২০২১, বেলা ৩-০০ টে পর্যন্ত। (নির্দিষ্ট সময় এবং নির্দিষ্ট দিনের আগে বা পরে করা আবেদন বৈধ নয়।)
- অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পর আবেদনপত্রের হার্ডকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা দেওয়ার তারিখ : ০৬ ডিসেম্বর এবং ০৭ ডিসেম্বর, ২০২১, বেলা ১১-০০ টা থেকে বেলা ২-০০ টো পর্যন্ত। (নির্দিষ্ট সময় এবং নির্দিষ্ট দিনের আগে বা পরে আবেদনপত্র জমা নেওয়া হবে না।)
- আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় নথিপত্রের ফটোকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা দিতে হবে। আবেদনপত্রের জন্য কোনও টাকা জমা দিতে হবে না।
- বিদ্যালয়-কর্তৃপক্ষ দ্বারা স্বাক্ষরিত আবেদনপত্রের হার্ডকপির নীচের অংশটি প্রাপ্তি-রসিদ বলে গণ্য হবে এবং ওই অংশে উল্লিখিত সংখ্যাটি দিয়ে ভর্তির জন্য লটারি করা হবে।
- লটারি হবে ১৫ ডিসেম্বর, ২০২১, (বুধবার) বেলা ১১-৪৫ মিঃ। লটারির মাধ্যমে ৮০ জন ছাত্র ভর্তি নেওয়া হবে। সরকারি নির্দেশ অনুযায়ী আসন সংরক্ষণের ব্যবস্থা থাকবে।
- কৃষ্ণনগর হাইস্কুল, প্রাথমিক বিভাগের ছাত্রদের অভিভাবকদের কাছ থেকে বাৎসরিক প্রদেয় অর্থ জমা নেওয়া হবে ১৪ ডিসেম্বর, ২০২১ (মঙ্গলবার), বেলা ১১-১৫ মিঃ থেকে বেলা ১২-৪৫ মিঃ পর্যন্ত।
- লটারিতে নাম ওঠা ছাত্রদের অভিভাবকদের কাছ থেকে বাৎসরিক প্রদেয় অর্থ জমা নেওয়া হবে ১৬ ডিসেম্বর, ২০২১ (বৃহস্পতিবার), বেলা ১১-১৫ মিঃ থেকে বেলা ১২-৪৫ মিঃ পর্যন্ত।
- ভর্তি-সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তিগুলি বিদ্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে দেওয়া হবে এবং সম্ভব হলে বিদ্যালয়ের ওয়েবসাইট [www.krishnagarhighschool.in](http://www.krishnagarhighschool.in) এ প্রকাশ করা হবে।
- ২০২২ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য ছাত্রের জন্ম তারিখ হতে হবে ৩ জানুয়ারি, ২০১১ থেকে ২ জানুয়ারি, ২০১২ তারিখের মধ্যে। (২০২২ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য ছাত্রের বয়স ১ জানুয়ারি, ২০২২ তারিখে ১০ বছর পূর্ণ হতে হবে, কিন্তু ১১ বছরের কম হতে হবে।)

প্রধান শিক্ষক  
কৃষ্ণনগর হাই স্কুল  
কৃষ্ণনগর, নদিয়া

অনলাইন ফর্ম ফিল-আপ করার সময় নিম্নলিখিত জিনিসগুলি হাতের কাছে রাখতে হবে

১. ছাত্রের পাসপোর্ট সাইজ ছবি (সাদা জামা পরে)
২. ছাত্রের বার্থ সার্টিফিকেট
৩. কাস্ট সার্টিফিকেট, যদি থাকে
৪. ছাত্রের আধার কার্ড, যদি থাকে
৫. বি.পি.এল. কার্ড, যদি থাকে
৬. ছাত্রের নামে বা তার বাবার নামে থাকা ব্যাঙ্ক পাস বই,
৭. ছাত্রের ব্লাড গ্রুপ, যদি জানা থাকে
৮. ছাত্রের সনাক্তকরণ চিহ্ন (Identification Mark)
৯. প্রতিবন্ধী হলে তার প্রমাণপত্র

অনলাইন ফর্মের হার্ডকপির সাথে নিম্নলিখিত কাগজপত্র বিদ্যালয় কার্যালয়ে জমা দিতে হবে  
(অ্যাটেস্টেড করানোর দরকার নেই)

১. ছাত্রের বার্থ সার্টিফিকেটের ফটোকপি
২. তপশীলি জাতি/ উপজাতি/ অনগ্রসর শ্রেণিভুক্তির/ প্রতিবন্ধীর প্রমাণপত্রের ফটোকপি, যদি থাকে
৩. আধার কার্ডের ফটোকপি, যদি আধার কার্ড থাকে
৪. বি.পি.এল কার্ডের ফটোকপি, যদি বি.পি.এল. কার্ড থাকে
৫. বাসস্থানের প্রমাণপত্র হিসাবে ছাত্রের বাবার ভোটার কার্ড/আধার কার্ডের ফটোকপি

আমাদের ওয়েবসাইট [www.krishnagarhighschool.in](http://www.krishnagarhighschool.in)